গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.techedu,gov,bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৫.১৮.০১০.১৬-৬৮২ তারিখঃ ২৬/১১/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ ঢাকা জেলার আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠান এবং এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকদের জন্য স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সে শিক্ষক প্রেরণ।

সূত্রঃ বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের পত্র নং- বাঃস্কাঃরোঃঅঃ(প্রশিক্ষণ)/৬৮৪/৫/২০১৯, তারিখ: ২৪/১১/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে প্রচলিত শিক্ষা কার্যক্রমের সম্পূরক হিসেবে বাংলাদেশ স্কাউটসের গঠন ও নিয়ম অনুযায়ী সারাদেশে স্কাউটিং কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে স্কাউটিং কার্যক্রম চালুকরণের বিষয়ে জাতীয় শিক্ষানীতি ২০১০ এ নির্দেশনা রয়েছে। তাছাড়া শিক্ষা মন্ত্রনালয় থেকে পরিপত্র জারী করা হয়েছে যা'তে শিক্ষা প্রতিষ্ঠানে বাধ্যতামূলকভাবে রোভার স্কাউট দল গঠনের মাধ্যমে রোভারিং কার্যক্রম চালু করা হয়।

প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানসমুহে রোভার স্কাউট দল গঠনের নিমিত্তে সর্বাগ্রে প্রয়োজন স্কাউটিং এ প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক/শিক্ষিকা। এ ক্ষেত্রে ছেলেদের জন্য পুরুষ শিক্ষক এবং মেয়েদের জন্য মহিলা শিক্ষক হলে ভাল হয়। প্রতিষ্ঠানের শিক্ষক/শিক্ষিকাদের প্রশিক্ষণ দানের নিমিত্তে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের পরিচালনায় ও ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা এর ব্যাবস্থাপনায় নিম্নোক্ত স্থান ও তারিখে দিনব্যাপী স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হবে। উক্ত কোর্সে আপনার প্রতিষ্ঠান থেকে একজন পুরুষ ও একজন মহিলা শিক্ষক মোট ০২ (দুই) জন শিক্ষককে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| | |
|---|---|
| কোর্সের নাম | ঃ **স্কাউটিং বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স** |
| কোর্স অনুষ্ঠানের তারিখ | ঃ ৩০ নভেম্বর, ২০১৯ |
| কোর্সের স্থান | ঃ ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা |
| নাম প্রেরণের শেষ তারিখ | ঃ ২৮ নভেম্বর, ২০১৯ |
| নাম প্রেরণের ঠিকানা | ঃ সম্পাদক, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল<br>জাতীয় স্কাউট ভবন(১৩ তলা), ৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০ |

<u>কোর্সে অংশগ্রহণের নিয়মাবলী ঃ</u>

১। প্রশিক্ষণার্থীকে আবশ্যিকভাবে ৩০/১১/২০১৯ খ্রিঃ সকাল ৮:০০টায় কোর্সস্থলে উপস্থিত হয়ে কোর্স লিডারের নিকট রিপোর্ট করতে হবে।
২। প্রশিক্ষণ এলাকায় উপস্থিত হয়ে প্রশিক্ষণার্থীদের মাথাপিছু কোর্স ফি ১০০/- টাকা জমা দিয়ে নাম রেজিস্ট্রেশন করতে হবে।
৩। কোর্স কর্তৃপক্ষ কোর্স চলাকালীন খাওয়ার ব্যবস্থা করবেন।
৪। প্রশিক্ষণপ্রাপ্ত কোন রোভার স্কাউট লিডার ওরিয়েন্টেশন কোর্সে অংশগ্রহণ করতে পারবেন না।
৫। রোভার লিডার ওরিয়েন্টেশনে অংশগ্রহণকারীর শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম স্নাতক বা সমমানের এবং বয়স ২৫ বছরের উর্ধ্বে হতে হবে। তবে ছাত্র অবস্থায় কেউ এই ওরিয়েন্টেশনে অংশগ্রহণ করতে পারবেন না।
৬। স্কাউট কার্যক্রমে অংশগ্রহণকারীগণ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ ও সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতিক্রমে তৎকালীন শিক্ষা, সংস্কৃতি, ক্রীড়া মন্ত্রণালয়ের No.SXI/১৩চ-১৭/৭২/৬৮৫/১৫০-Edn. Dated-১৯/৬/৭৩-আদেশ মোতাবেক ভ্রমণভাতা পাবেন। প্রয়োজনবোধে কোর্স ফি ও যাতায়াত বাবদ প্রকৃত খরচ শিক্ষা মন্ত্রনালয়ের পরিপত্র অনুযায়ী নিজ নিজ প্রতিষ্ঠানের রোভার স্কাউট তহবিল থেকে বহন করা যাবে।

স্বাঃ/-
(মনজুরুল কাদের)
যুগ্ম-সচিব
ও
পরিচালক (প্রশাসন)

প্রাপকঃ
১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
২। অধ্যক্ষ, ঢাকা/ ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট।
৩। অধ্যক্ষ, বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট।
৪। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান, শ্যামলী আইডিয়াল কলেজ, মোঃপুর/মমতাজ উদ্দিন বিএম কলেজ, গুলশান/এসএম মোজাম্মেল হক টেকনিক্যাল স্কুল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট, দক্ষিণখান/ঢাকা বিজনেস ম্যানেজমেন্ট ইনস্টিটিউট, আর.কে.এম রোড/টেকনিক্যাল এন্ড কমার্শিয়াল কলেজ, উত্তরা/বঙ্গবন্ধু কারিগরি স্কুল এন্ড কমার্শিয়াল কলেজ, গুলশান/আলহেরা টেকনিক্যাল এন্ড কমার্শিয়াল কলেজ, মোঃপুর/ভালুম আতাউর রহমান খান কলেজ, কমলাপুর/ইনস্টিটিউট অব কম্পিউটার ম্যানেজমেন্ট এন্ড সাইন্স, মিরপুর/এম.সি টেকনিয়াল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ঢাকা ক্যান্টঃ/মহানগর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, রামপুরা/লালমাটিয়া হাউজিং সোসাইটি সেকেন্ডারি স্কুল, লালমাটিয়া/মমতাজ উদ্দিন বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, উত্তরা/গাবতলী টেকনিক্যাল ইনস্টিটিউট, মিরপুর/কারিগরি বাণিজ্য কলেজ, উত্তরখান বাজার/আনোয়ার হোসেন টেকনিক্যাল স্কুল এন্ড সাইন্স টেকনোলজি কলেজ, ঢাকা ক্যান্টঃ।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য...

স্মারক নং-৩৭.০৩.০০০০.০৩৫.১৮.০১০.১৬- ৬৮২ তারিখঃ ২৬/১১/২১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পরিচালক(প্রশাসন/পিআইডব্লিউ/পিআইইউ/পরিঃ ও উন্নঃ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২। আঞ্চলিক উপ-কমিশনার (প্রশিক্ষণ), বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল, কাকরাইল, ঢাকা।
৩। আঞ্চলিক উপ-কমিশনার (কারিগরি, মাদ্রাসা ও আইসিটি/প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল, কাকরাইল, ঢাকা।
৪। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল, কাকরাইল, ঢাকা।
৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সংশিষ্ট জেলা রোভার।
৮। সংরক্ষণ নথি।

২৬/১১/১৯

(মোঃ সামসাদ খলিল)
সহকারী পরিচালক

২৬/১১/১৯